

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমাজসেবা কার্যালয়  
কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।



স্মারক নং-৪১.০১.৪৯৫২.০০০.০৬. ০১৪.২০.২২১৬

তারিখঃ ৩১/০৭/২০২২ খ্রিঃ

বিষয়ঃ ২০২২-২৩ অর্থ বছরে বর্ধিত কোটায় প্রতিবন্ধী ভাতার অর্থ (G2p) পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত অনলাইনে আবেদন গ্রহণ প্রসঙ্গে।  
সূত্রঃ ৪১.০১.০০০০.০৪৯.০২.০০৮.২০.৫৮৩ তারিখঃ ২৭/০৭/২০২২ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ অর্থ বছরের প্রতিবন্ধী ভাতা কার্যক্রমের আওতায় বর্ধিত কোটায় নীতিমালা মোতাবেক যোগ্য প্রত্যাশী প্রতিবন্ধী ব্যক্তিদের নিকট হতে ভাতা প্রাপ্তি আবেদন আহবান করা যাচ্ছে। উল্লেখ্য উক্ত আবেদন সমাজসেবা অধিদফতরের MIS এর মাধ্যমে গ্রহণ করা হবে। আগামী ১০ আগস্ট হতে ১০ সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত অনলাইনের <http://mis.bhata.gov.bd/online> Application লিংকে ভাতার আবেদন গ্রহণ করা হবে। এর পূর্বে ভাতার আবেদন গ্রহণের বিষয়ে নীতিমালা মোতাবেক প্রয়োজনীয় প্রচার-প্রচারনা ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

শর্তাবলীঃ-

- আবেদনকারী অবশ্যই প্রতিবন্ধী শনাক্তকরণ পরিচয়পত্র থাকতে হবে।
- প্রতিবন্ধী ভাতার অনলাইন করার ক্ষেত্রে আবেদনকারী যে মোবাইল নম্বরটি ব্যবহার করবে সেটিতে অবশ্যই বিকাশ হিসাব খোলা থাকতে হবে এবং ২৪ ঘন্টা মোবাইল নম্বরটি চালু থাকতে হবে।
- একটি মোবাইল নম্বর একাধিক ভাতাভোগীর আবেদনপত্রে ব্যবহার করা যাবে না। ভাতাভোগীর নিজের/পরিবারের মোবাইল নম্বর দিয়ে অনলাইন করতে হবে।
- অনলাইন ফরমে সকল তথ্য সঠিকভাবে পূরণ করতে হবে। তথ্যগত ভুলের কারণে আবেদনপত্র বাতিল হলে সমাজসেবা অফিস দায়ী নয়।
- অনলাইন আবেদন করার পর আবেদনপত্রের একটি ফটোকপি, আবেদনকারীর জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, মোবাইল নম্বরসহ আবেদনকারীদের সমন্বিত তালিকা আগামী ১২/০৯/২০২২ খ্রিঃ তারিখে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করতে হবে।
- যারা বর্তমানে ভাতার আওতায় আছে তাদের অনলাইন আবেদন করার প্রয়োজন নেই।

চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ,  
কাঁঠালবাড়ী/ হলোখানা/ ভোগডাঙ্গা/ ঘোগাদহ/ যাত্রাপুর/  
বেলগাছা/ পাঁচগাছী/ মোগলবাসা, কুড়িগ্রাম সদর,  
কুড়িগ্রাম।

(এস এম হাবিবুর রহমান)  
উপজেলা সমাজসেবা অফিসার  
কুড়িগ্রাম সদর কুড়িগ্রাম।

বিতরণ (কার্যার্থে)ঃ- (জৈষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ইউপি সদস্য.....ওয়ার্ড নং ইউনিয়ন পরিষদ, কাঁঠালবাড়ী/ হলোখানা/ ভোগডাঙ্গা/ ঘোগাদহ/ যাত্রাপুর/ বেলগাছা/ পাঁচগাছী/ মোগলবাসা, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।
- সচিব ইউনিয়ন পরিষদ, কাঁঠালবাড়ী/ হলোখানা/ ভোগডাঙ্গা/ ঘোগাদহ/ যাত্রাপুর/ বেলগাছা/ পাঁচগাছী/ মোগলবাসা, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।
- জনাব.....ইউনিয়ন সমাজকর্মী/কারিগরী প্রশিক্ষক সংযুক্ত নির্দেশনা অনুসরণ পূর্বক ঐ সংক্রান্ত বিষয়ে উপস্থিত থেকে সহযোগীতা করার জন্য অনুরোধ করা হলো।
- UDC ইউনিয়ন পরিষদ, কাঁঠালবাড়ী/ হলোখানা/ ভোগডাঙ্গা/ ঘোগাদহ/ যাত্রাপুর/ বেলগাছা/ পাঁচগাছী/ মোগলবাসা, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম। সংযুক্ত নির্দেশনা অনুসরণ পূর্বক ভাতাভোগীদের উপস্থিত রেখে থেকে আবেদনের সহযোগীতা করার জন্য অনুরোধ করা হলো।

সদয় অবগতিঃ-

- পরিচালক (সামাজিক নিরাপত্তা শাখা), সমাজসেবা অধিদফতর, ঢাকা।
- বিভাগীয় পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর।
- জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
- উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কুড়িগ্রাম।
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।
- উপজেলা নির্বাহী অফিসার, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম।
- অফিস কপি।